৫৯. লুকা প্যাসিওলি কত সালে দু'তরফা দাখিলা পদ্ধতি ব্যাখ্যা করেন? *(জ্ঞান)*
ক ১৪৯৪ সালে খ ১৫৯৪ সালে
গ ১৬৯৪ সালে ঘ ১৭৯৪ সালে **ক**

৬০. হিসাবরক্ষণের মূল ভিত্তি কী? *(জ্ঞান)*
ক জাবেদা বই
খ আর্থিক বিবরণী
গ দু'তরফা দাখিলা পদ্ধতি
ঘ একতরফা দাখিলা পদ্ধতি **গ**

৬১. লেনদেন সর্বদা কোনটিতে পরিবর্তন আনে? *(জ্ঞান)*
ক মোট সম্পত্তির খ মোট দায়ের
গ মোট মুনাফার ঘ আর্থিক অবস্থার **ঘ**

৬২. দু'তরফা দাখিলা পদ্ধতি কীভাবে পরিমাপযোগ্য হয়? *(জ্ঞান)*
ক ব্যাখ্যা আকারে খ আর্থিক মূল্যে
গ তারিখের ক্রমানুসারে
ঘ একটি হিসাব খাত দ্বারা **খ**

**উদ্দীপকটি পড়ো এবং ৬৩-৬৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রাকিব ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য ১৫,০০০ টাকার যন্ত্রপাতি নগদে ক্রয় করেন। এ লেনদেনে যন্ত্রপাতি হিসাব ও নগদান নামক দুটি হিসাব জড়িত। একটি পক্ষ সুবিধা দিচ্ছে ও অপর পক্ষ সুবিধা নিচ্ছে। এটাই হিসাবরক্ষণের দু'তরফা দাখিলা পদ্ধতি।

৬৩. নিচের কোন পক্ষটি সুবিধা দিচ্ছে? *(প্রয়োগ)*
ক ক্রয় হিসাব খ যন্ত্রপাতি হিসাব
গ হাবিব হিসাব ঘ নগদান হিসাব **ঘ**

৬৪. উপরি-উক্ত লেনদেনের মাধ্যমে সুবিধা নেয়ার ফলে মি. রাকিবের কোন হিসাবটি বৃদ্ধি পাবে? *(উচ্চতর দক্ষতা)*
ক নগদান হিসাব খ যন্ত্রপাতি হিসাব
গ ক্রয় হিসাব ঘ হাবিব হিসাব **খ**

৬৫. দু'তরফা দাখিলায় সুবিধা গ্রহণকারীকে কী বলে? *(অনুধাবন)*
ক ক্রেডিট খ ঋণ প্রদানকারী
গ দেনাদার ঘ পাওনাদার **গ**

৬৬. দ্বৈতসত্তা বলতে কী বোঝায়? *(অনুধাবন)*
ক দুটি ঘটনা খ দুটি হিসাব
গ দুটি পক্ষ ঘ দুটি লেনদেন **গ**

৬৭. দু'তরফা দাখিলা পদ্ধতির মূলনীতি হলো এতে —
i. দাতা এবং গ্রহীতা দুটি পক্ষ থাকবে
ii. দাতার হিসাব ডেবিট এবং গ্রহীতার হিসাব ক্রেডিট হবে
iii. মোট ডেবিট অঙ্ক সর্বদাই মোট ক্রেডিট অঙ্কের সমান হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৬৮. গাণিতিক শুদ্ধতা যাচাই দু'তরফা দাখিলা পদ্ধতির কী প্রকাশ করে? *(জ্ঞান)*
ক বৈশিষ্ট্য খ উদ্দেশ্য
গ সুবিধা ঘ প্রয়োজনীয়তা **গ**

৬৯. দেনা-পাওনা জানা দু'তরফা দাখিলা পদ্ধতির কী? *(জ্ঞান)*
ক উদ্দেশ্য খ সুবিধা
গ বৈশিষ্ট্য ঘ নীতিমালা **খ**

৭০. সঠিক কর নির্ধারণ দু'তরফা দাখিলা পদ্ধতির কী? *(অনুধাবন)*
ক সুবিধা খ উদ্দেশ্য
গ বৈশিষ্ট্য ঘ লক্ষ্য **ক**

৭১. দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখা প্রয়োজন। কারণ এ পদ্ধতিতে — *(উচ্চতর দক্ষতা)*
i. লেনদেনের পূর্ণাঙ্গ হিসাব রাখা সম্ভব হয়
ii. লেনদেনের নিখুঁত ফলাফল পাওয়া যায়
iii. এতে ব্যয় নিয়ন্ত্রণ করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

TeachingBD.com

৭২. **'হিসাবের মোট ডেবিট সর্বদা মোট ক্রেডিটের সমান হয়'– এ ধারণার ভিত্তিতে আমরা কী প্রস্তুত করি?** *(জ্ঞান)*
ক) হিসাবের নীতিমালা খ) হিসাবের ছক
গ) হিসাব উপাত্ত ঘ) হিসাব সমীকরণ **ঘ**

৭৩. **ব্যাংকে ঋণ গ্রহণে ব্যবসায়ে কী বৃদ্ধি পাবে?**
ক) স্বত্বাধিকার খ) মূলধন
গ) চলতি দায় ঘ) দীর্ঘমেয়াদি দায় **ঘ**

৭৪. **মি. তুষার তার পাওনাদার সিহাবকে ২,০০০ টাকা পরিশোধ করেছেন। এর ফলে ব্যবসায়ের —**
i. সম্পদ হ্রাস পাবে ii. দায় হ্রাস পাবে
iii. ব্যয় বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

**উদ্দীপকটি পড়ো এবং ৭৫-৭৬ নং প্রশ্নের উত্তর দাও।**
সঞ্জয় কুমার একজন মুদি ব্যবসায়ী। ২০১২ সালের ১ জানুয়ারিতে তার মূলধন ছিল ৪০,০০০ টাকা। উক্ত বছরে তার উত্তোলনের পরিমাণ ৫,০০০ টাকা এবং তিনি কোনো অতিরিক্ত মূলধন আনায়ন করেন নি। ৩১ ডিসেম্বর ২০১২ তারিখে মোট সম্পদের পরিমাণ ১,০০,০০০ টাকা এবং মোট দায় ২০,০০০ টাকা।

৭৫. **উদ্দীপকের আলোকে সঞ্জয় কুমারের একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাবরক্ষণের উপযুক্ত কারণ কোনটি?** *(উচ্চতর দক্ষতা)*
ক) তিনি দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখতে জানেন না
খ) একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখা সহজ
গ) তিনি একজন ক্ষুদ্র ব্যবসায়ী এবং তার প্রতিষ্ঠানে লেনদেন কম সংঘটিত হয়
ঘ) দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাবরক্ষণে ব্যয় বেশি হয় **গ**

৭৬. **সঞ্জয় কুমারের ব্যবসায়ে লাভের পরিমাণ কত?**
ক) ৮৫,০০০ টাকা খ) ৪৫,০০০ টাকা
গ) ৪০,০০০ টাকা ঘ) ৩৫,০০০ টাকা **খ**

৭৭. **কোনটি হিসাব চক্রের শেষ ধাপ?** *(জ্ঞান)*
ক) কার্যপত্র প্রস্তুত
খ) আর্থিক বিবরণী প্রস্তুত
গ) সমাপনী দাখিলা
ঘ) হিসাব পরবর্তী রেওয়ামিল **ঘ**

৭৮. **হিসাব কার্যক্রমের ধাপ বা হিসাব চক্র অনুযায়ী কোনটি সঠিক?** *(অনুধাবন)*
ক) রেওয়ামিল → খতিয়ান → জাবেদা
খ) খতিয়ান → রেওয়ামিল → জাবেদা
গ) জাবেদা → রেওয়ামিল → খতিয়ান
ঘ) জাবেদা → খতিয়ান → রেওয়ামিল **ঘ**

৭৯. **হিসাবচক্রে সমন্বয় দাখিলা কোনটির পরে দেয়া হয়?** *(জ্ঞান)*
ক) রেওয়ামিল খ) খতিয়ান
গ) কার্যপত্র ঘ) আর্থিক বিবরণী **ক**

৮০. **হিসাবচক্রের কোন ধাপে হিসাবসমূহের নির্ভুলতা যাচাই করা হয়?** *(জ্ঞান)*
ক) ২য় ধাপে খ) ৩য় ধাপে
গ) ৪র্থ ধাপে ঘ) ৫ম ধাপে **ঘ**

৮১. **হিসাব চক্রের ৫ম ধাপে লেনদেনসমূহের —**
i. রেওয়ামিল প্রস্তুতকরণ করা হয়
ii. নির্ভুলভাবে জাবেদাভুক্ত করা হয়েছে কিনা যাচাই করা হয়
iii. লিপিবদ্ধকরণের গাণিতিক শুদ্ধতা যাচাই করা হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

৮২. **আয়তনে ছোট ও লেনদেনের সংখ্যা কম এমন ব্যবসায় প্রতিষ্ঠানে কোন ধরনের হিসাবরক্ষণ পদ্ধতি পরিলক্ষিত হয়?** *(অনুধাবন)*
ক) দু'তরফা দাখিলা পদ্ধতি
খ) হিসাবের সমাপ্তি পদ্ধতি
গ) একতরফা দাখিলা পদ্ধতি
ঘ) দ্বৈতসত্তা রক্ষা পদ্ধতি **গ**

৮৩. **অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ হিসাব পদ্ধতি কোনটি?** *(জ্ঞান)*
ক) দু'তরফা দাখিলা পদ্ধতি
খ) বিশেষ দাখিলা পদ্ধতি
গ) সমীকরণ পদ্ধতি
ঘ) একতরফা দাখিলা পদ্ধতি **ঘ**

Teachingbd.com